

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
ঢাকা।

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখঃ ২৪ জ্যৈষ্ঠ, ১৪২৫ বঙ্গাব্দ / ০৭ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ

এস.আর.ও. নং-১৭৭-আইন/২০১৮/৮০০-মুসক।- উন্নয়ন সারচার্জ ও লেভী (আরোপ ও আদায়) আইন, ২০১৫ (২০১৫ সনের ২০ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৫ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, উক্ত আইনের তফসিলের নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উক্ত আইনের ‘প্রথম তফসিল’ এর পরিবর্তে নিম্নরূপ ‘প্রথম তফসিল’ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“প্রথম তফসিল

[ধারা ৩ (ক) দ্রষ্টব্য]

উন্নয়ন সারচার্জ

বিবরণ	সারচার্জের হার
(১)	(২)
মোবাইল অপারেটর কর্তৃক সিম বা রিম কার্ড বা মেমোরী কার্ড ব্যবহারের মাধ্যমে প্রদত্ত সেবার বিনিময়ে প্রাপ্ত সমুদয় অর্থ বা আয়	১ (এক) শতাংশ

স্বাস্থ্য উন্নয়ন সারচার্জ

বিবরণ	সারচার্জের হার
(১)	(২)
আমদানিকৃত বা স্থানীয়ভাবে উৎপাদিত তামাকজাত পণ্যের মূল্যভিত্তির উপর	১ (এক) শতাংশ

পরিবেশ সুরক্ষা সারচার্জ

বিবরণ (১)	সারচার্জের হার (২)
নির্দিষ্টকৃত প্রতিষ্ঠান কর্তৃক উৎপাদিত পণ্যের মূল্যভিত্তির উপর	১ (এক) শতাংশ

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি উন্নয়ন সারচার্জ

বিবরণ (১)	সারচার্জের হার (২)
(ক) আমদানিকৃত সেলুলার মোবাইল টেলিফোন সেট এর মূল্যভিত্তির উপর; এবং	২ (দুই) শতাংশ
(খ) স্থানীয়ভাবে উৎপাদিত সেলুলার মোবাইল টেলিফোন সেট এর মূল্যভিত্তির উপর।	০ (শূন্য) শতাংশ ”

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ মোশাররফ হোসেন ডুইয়া, এনডিসি)
সিনিয়র সচিব